

নিবোধত পত্রিকার রজতজয়ন্তী উপলক্ষ্যে বিশেষ বিজ্ঞপ্তি

আনন্দের সঙ্গে জানাই, নিবোধত পত্রিকার রজতজয়ন্তী বর্ষে আমরা কিছু পরিকল্পনা গ্রহণ করেছি।

- রজতজয়ন্তী বর্ষের বিশেষ সংখ্যাটি (জানুয়ারি, ২০১২) সাধারণ সংখ্যার দ্বিগুণ আয়তনের হবে। সংখ্যাটির দুটি প্রধান আকর্ষণ—বিগত পঁচিশ বছরে পত্রিকা গড়ে ওঠার কাহিনি এবং ঠাকুর-মা-স্বামীজী সম্পর্কে বেলুড় মঠ ও শ্রীসারদা মঠের বিদগ্ধ সন্ন্যাসী ও সন্ন্যাসিনী এবং বিশিষ্টজনের মূল্যবান প্রবন্ধাবলী। ২৫ টাকা মূল্যের এই সংখ্যাটি গ্রাহকরা ১৫ টাকাতাই পাবেন।
- পত্রিকার রজতজয়ন্তী উপলক্ষ্যে আমরা একটি সংকলন গ্রন্থ প্রকাশ করতে চলেছি। ধর্মীয় বিষয় শুধু নয়, সাহিত্য, শিল্প, ইতিহাস, দর্শন প্রভৃতি বিভিন্ন ক্ষেত্রে বহু স্বনামধন্য লেখক-লেখিকা পঁচিশ বছর ধরে এই পত্রিকাকে সমৃদ্ধ করেছেন। সেসব মূল্যবান লেখা থেকে নির্বাচিত কয়েকটি রচনা আমরা প্রিয় পাঠকবর্গকে উপহার দিতে চাই। পত্রিকার আঙ্গিকের বৈশিষ্ট্য বজায় রেখেই সংকলন গ্রন্থটি প্রকাশিত হবে। এতে থাকবে প্রবন্ধ, কবিতা এবং ‘চর্চা’, ‘কৃতিসত্তান’ প্রভৃতি কিছু বিভাগ।
- পরম পূজনীয় স্বামী ভূতেশানন্দজী মহারাজ, স্বামী প্রভানন্দজী মহারাজ, স্বামী চেতনানন্দজী মহারাজ, স্বামী ভজনানন্দজী মহারাজ প্রমুখ রামকৃষ্ণ মঠ ও রামকৃষ্ণ মিশনের সন্ন্যাসিবৃন্দ; পরম পূজনীয়া প্রব্রাজিকা মোক্ষপ্রাণামাতাজী, মুক্তিপ্রাণামাতাজী, দয়াপ্রাণামাতাজী, শ্রদ্ধাপ্রাণামাতাজী, অমলপ্রাণামাতাজী প্রমুখ শ্রীসারদা মঠের সন্ন্যাসিনীবৃন্দের আশীর্বাদী রচনায় সংকলন গ্রন্থটি সমৃদ্ধ। সেইসঙ্গে এতে স্থান পেয়েছে বহু জ্ঞানীগুণী বিশিষ্ট ব্যক্তির রচনা যাঁরা কয়েক দশক ধরে মননের আলোকে আলোকিত করে রেখেছেন বঙ্গের সারস্বত মন্দির : গোবিন্দগোপাল মুখোপাধ্যায়, রমা চৌধুরি, আশাপূর্ণা দেবী, সাস্ত্রনা দাশগুপ্ত, রবীন্দ্রকুমার দাশগুপ্ত, বিষ্ণুপদ পণ্ডা, জাহ্নবীকুমার চক্রবর্তী, নীরদবরণ চক্রবর্তী, নিশীথরঞ্জন রায়, নিমাইসাধন বসু, নারায়ণ সান্যাল, ভবতোষ দত্ত, অসিতকুমার বন্দ্যোপাধ্যায়, জীবেন্দ্র সিংহ রায়, কবিতা সিংহ, শংকরীপ্রসাদ বসু, শংকর, শীর্ষেন্দু মুখোপাধ্যায়, হর্ষ দত্ত, সঞ্জীব চট্টোপাধ্যায়, চিত্রা দেব, সুচিত্রা ভট্টাচার্য এবং আরও অনেকে।
- সংকলন গ্রন্থটির পৃষ্ঠাসংখ্যা আনুমানিক চারশো। মূল্য ১৫০ টাকা। গ্রন্থটির প্রাপ্তি যাঁরা নিশ্চিত করতে চান তাঁরা ৩১ ডিসেম্বর, ২০১১ তারিখের মধ্যে নাম নথিভুক্ত করলে ১২০ টাকায় বইটি পাবেন (ডাকমাশুল অতিরিক্ত)।
- নাম নথিভুক্ত করবার কেন্দ্র : নিবোধত কার্যালয়। নিজে না এসে দূরভাষ অথবা ই-মেলের মাধ্যমেও নাম নথিভুক্ত করতে পারেন। সেক্ষেত্রে M.O. বা E.M.O.র মাধ্যমে টাকা পাঠাতে হবে। ‘সংকলন গ্রন্থের গ্রাহক হওয়ার জন্য’—একথাটি মানি অর্ডার ফর্মে অবশ্যই উল্লেখ করবেন।
- সংকলন গ্রন্থটি একটি অনুষ্ঠানের মাধ্যমে প্রকাশিত হবে। সারাদিনব্যাপী অনুষ্ঠানের কার্যক্রম পরে জানানো হবে।

রজতজয়ন্তী উপলক্ষ্যে যেকোনও দান সাদরে গৃহীত হবে। আপনার দান আইনের ৮০ জি ধারা অনুসারে আয়করমুক্ত। ডিমাস ড্রাফট ‘Sri Sarada Math’ এই নামে পাঠাবেন। মানি অর্ডার ফর্মের ঠিকানার অংশে লিখবেন—‘নিবোধত পত্রিকা’, প্রযত্নে শ্রীসারদা মঠ, দক্ষিণেশ্বর, কলকাতা—৭০০০৭৬। ‘নিবোধত পত্রিকার রজতজয়ন্তী উপলক্ষ্যে’—একথাটি মানি অর্ডার ফর্মে অবশ্যই উল্লেখ করবেন।

বিশেষ বিজ্ঞপ্তি

ডাকযোগে যাঁরা পত্রিকা সংগ্রহ করেন তাঁদের জন্য

- ১। পত্রিকার বছর শুরু হয় মে মাস থেকে। সারা বছরই গ্রাহক হওয়া যায়। আপনি বছরের মাঝখানে গ্রাহক হলে মে থেকে প্রকাশিত সংখ্যাগুলি পোস্ট অফিসের নতুন নিয়ম অনুসারে সাধারণ ডাকে পাঠানো যাবে না, পরবর্তী সংখ্যার সঙ্গে EPP (EXPRESS POST PARCEL) যোগে একত্রে পাঠানো হবে। EPP চার্জ বাবদ দেয় মূল্য নিম্নলিখিত ছকে দেখুন।
- ২। পুরোনো গ্রাহকদের মধ্যে যাঁরা এপ্রিল মাসের মধ্যে পত্রিকার নবীকরণ করতে পারলেন না, পত্রিকা বর্ষ শুরু হওয়ার কয়েক মাস পর নবীকরণ করলেন, তাঁদের ক্ষেত্রেও ওই নিয়ম প্রযোজ্য। ওই বর্ষের পূর্বপ্রকাশিত সংখ্যাগুলি পাওয়ার জন্য তাঁদের নবীকরণের টাকার সঙ্গে EPP চার্জ পাঠাতে হবে। সেজন্য আগামী বছর থেকে এপ্রিল মাসের মধ্যে নবীকরণ করে নেওয়াই ভালো।
- ৩। এক বা একাধিক সংখ্যা ডাকে না পেয়ে অনেকেই আমাদের জানাচ্ছেন। কিন্তু পোস্ট অফিসের পূর্বোক্ত নতুন নিয়ম অনুসারে অতিরিক্ত পুরোনো সংখ্যা সাধারণ ডাকে পাঠানো যাবে না। আপনার না পাওয়া সংখ্যা পরবর্তী সংখ্যার সঙ্গে একত্রে EPP যোগে পাঠানো হবে। EPP চার্জ বাবদ দেয় মূল্য নিম্নলিখিত ছকে দেখুন।
- ৪। বর্তমান বর্ষের বিশেষ সংখ্যাটির (জানুয়ারি, ২০১২) আয়তন সাধারণ সংখ্যার আয়তনের দ্বিগুণ। সংখ্যাটির মূল্য ২৫ টাকা, কিন্তু গ্রাহকরা ১৫ টাকাতেই সংখ্যাটি পাবেন। বিশেষ সংখ্যাটি ২৬ ডিসেম্বর ২০১১ থেকে ১০ জানুয়ারি ২০১২ পর্যন্ত, ডাকযোগে যাঁরা পত্রিকা নেন তাঁদেরকে পত্রিকার কার্যালয় থেকে হাতে হাতে সংগ্রহ করতে অনুরোধ করা হচ্ছে। তা সম্ভব না হলে রেজিস্ট্রি চার্জ বাবদ ২৫ টাকা পাঠান। তাও না করলে সংখ্যাটি যথানিয়মে ডাকেই পাঠানো হবে। তবে তা হারিয়ে গেলে অতিরিক্ত সংখ্যা পাঠানো সম্ভব নয়।
- ৫। যাঁরা এখনও নবীকরণ করেননি তাঁদের অনুরোধ করা হচ্ছে পোস্ট অফিসের নির্দেশ অনুসারে EPP চার্জ বাবদ নিম্নলিখিত মূল্য কার্যালয়ে পাঠিয়ে দিতে।

স্থান	E P P চার্জ	গ্রাহকের দেয় চাঁদা
কলকাতা	৩০ টাকা	১২০+৩০
পশ্চিমবঙ্গ, ঝাড়খণ্ড	৫০ টাকা	১২০+৫০
উত্তরবঙ্গ, ত্রিপুরা, বিহার, ওড়িশা, উত্তরপ্রদেশ, গুজরাট	৬০ টাকা	১২০+৬০
উত্তর-পূর্ব রাজ্যগুলি, নিউ দিল্লি, মহারাষ্ট্র, অন্ধ্রপ্রদেশ, পাঞ্জাব, রাজস্থান, উত্তরাখণ্ড	৭০ টাকা	১২০+৭০
কর্ণাটক, কেরালা, তামিলনাড়ু	৯০ টাকা	১২০+৯০

বিশেষ দ্রষ্টব্য : গ্রুপের মাধ্যমে ডাকযোগে বই পেলে গ্রাহক প্রতি EPP চার্জ খুব কম পড়বে। পত্রিকার গ্রাহক চাঁদার বিষয় বিস্তারিত জানতে 'গ্রাহক-গ্রাহিকার প্রতি' পৃষ্ঠাটি (১৯৪ পৃঃ) দেখুন।